**অবি লম্বে প্রকাশে র উদ্দে শ্যে:** 9/30/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# গভর্নর হোচুল নিউ ইয়র্ক স্টেটে আসক্তি সেবা প্রদানকারীদের সহায়তা করতে স্থিতিশীলতা তহবিলে 20 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকার কথা ঘোষণা করেছেন

***তহবিল খরচ মেটাতে এবং কোভিড-19 মহামারী চলাকালীন রাজস্ব ক্ষতি মেটাতে সহায়তা করবে***

গভর্নর ক্যাথি হোচুল আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারীর ফলে রাজস্ব আয়ের ক্ষতি এবং পরিচালনা খরচ মেটাতে সহায়তা করার জন্য আসক্তি সেবা প্রদানকারীদের জন্য সাবস্টেন্স অ্যাবিউস প্রিভেনশন অ্যান্ড ট্রিটমেন্ট ব্লক গ্রান্ট (Substance Abuse Prevention and Treatment Block Grant) এর মাধ্যমে 20 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল তহবিল পেয়েছে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports, OASAS) এর তত্ত্বাবধানে থাকা প্রতিরোধ, চিকিৎসা এবং পুনরুদ্ধার সেবা প্রদানকারীরা অর্থনৈতিক এবং প্রোগ্রামের স্থিতিশীলতার ঘাটতি মেটাতে তহবিল পাবে যখন সেগুলি কোভিড-19 মহামারীর প্রভাবের সাথে লড়াই করে যাচ্ছে।

"যখন আসক্তি সেবা প্রদানকারীরা কোভিড-19 মহামারীর প্রভাবের সাথে লড়াই করে যাচ্ছে, এই তহবিল তাদের অর্থনৈতিক চাপ থেকে পুনরুদ্ধারে এবং তাদের পরিচালনা এবং অবকাঠামোগত খরচ মেটাতে অনেক সহায়তা করবে।" **গভর্নর হোচুল বলেন।** "এই তহবিল আরও নিশ্চিত করবে যে এই সংস্থাগুলি সকল অভাবী নিউ ইয়র্কবাসীর জন্য অবাধ এবং গুরুত্বপূর্ণ আসক্তি সেবা প্রদান করা অব্যাহত রাখবে।"

তহবিল অর্থবছর এবং প্রোগ্রামের গ্যাপ উভয় সমস্যার মোকাবেলা করবে এবং প্রোগ্রাম পরিচালনার খরচ, ঋণ পরিশোধ, যন্ত্রপাতি, ছোটখাটো সংস্কার, কর্মী খরচ, এবং কোভিড-19 মহামারীর সরাসরি প্রভাবে সৃষ্ট অন্য যেকোনো পরিচালনা বা অবকাঠামোগত ব্যয় মেটাতে ব্যবহৃত হবে।

তহবিলের জন্য প্রায় 350 সেবা প্রদানকারী উপযুক্ত। উপযুক্ত সেবা প্রদানকারীরা OASAS এর কাছ থেকে বিজ্ঞপ্তির মাধ্যমে উপলভ্য পরিমাণ এবং তা পাওয়া নিশ্চিত করতে প্রয়োজনীয় পরবর্তী পদক্ষেপ জানতে পারবে। সেবা প্রদানকারীরা এই তহবিল সুবিধা লাভের জন্য কাজের সুযোগ এখানে পর্যালোচনা করতে পারে।

গত কয়েক বছরে, নিউ ইয়র্ক স্টেট অপিওয়েড দ্রব্যের মহামারী সমাধান করার জন্য একটি আগ্রাসী, বহুমাত্রিক পথ বেছে নিয়েছে এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবা সহ আসক্তি পরিচর্যার জন্য দেশের মধ্যে শীর্ষস্থানীয় অবস্থান নিয়েছে। এই মহামারীর মোকাবেলায়, রাজ্য সংকট পরিষেবা, ইনপেশেন্ট, বহির্বিভাগ, এবং আবাসিক চিকিত্সাগত কর্মসূচির পাশাপাশি ঔষধ সহায়ক চিকিত্সা, এবং মোবাইল চিকিত্সা এবং পরিবহন পরিষেবা সহ ঐতিহ্যগত পরিষেবাগুলিতে অ্যাক্সেস প্রসারিত করতে কাজ করেছে।

গভর্নর হোচুল NYS হেরোইন এবং ওপিওড টাস্ক ফোর্সের সদস্য ছিলেন, যা 2016 সালে নতুন, অপ্রচলিত পরিষেবার সুপারিশ করেছিল, যার মধ্যে ছিল পুনরুদ্ধারের কেন্দ্র, ইয়ুথ ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ারের সার্ভিস এবং ওপেন অ্যাক্সেস সেন্টার, যা তাত্ক্ষণিক মূল্যায়ন এবং যত্নের জন্য রেফারেল প্রদান করে। এই পরিষেবাগুলি তখন থেকে রাজ্যের আশেপাশের অসংখ্য সম্প্রদায়ের মধ্যে প্রতিষ্ঠিত হয়েছে এবং যেসব ব্যক্তিদের প্রয়োজন তারা যেখানে থাকে তাদের কাছাকাছি অ্যাক্সেসের কেয়ারে সহায়তা করেছে।

**OASAS-এর কমিশনার আর্লিন গঞ্জালেজ-সানচেজ বলেন,** "যখন আমরা কোভিড-19 মহামারীর প্রভাবের সাথে লড়াই করে যাচ্ছি, আমরা আমাদের কমিউনিটি ভিত্তিক সেবা প্রদানকারীদের সহায়তা করার জন্য যা কিছু সম্ভব করে যাচ্ছি, যারা অভূতপূর্ব চ্যালেঞ্জের মধ্য দিয়ে যাচ্ছে। অভাবী সকল নিউ ইয়র্কবাসীর কাছে পৌঁছানোর OASAS এর লক্ষ্য পূরণে এই সেবা প্রদানকারীরা অতীব গুরুত্বপূর্ণ এবং এই তহবিলের সাহায্যে তারা আসক্তি দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তি এবং তাদের পরিবারগুলিকে অবাধ সেবা প্রদান অব্যাহত রাখতে পারবে।"

**সিনেট কমিটি অফ আলকোহলিজম অ্যান্ড সাবস্টেন্স এবিউজ (Senate Committee on Alcoholism and Substance Abuse)-এর সভাপতি সিনেটর পিট হার্খাম বলেছেন,** "নিউ ইয়র্ক জুড়ে মাদকাসক্তি সংক্রান্ত ডিজঅর্ডার (Substance Use Disorder) সেবা প্রিদানকারীদের পরিচালিনা এবং প্রোগ্রামিং এ স্থিতিশীলতা আনতে গভর্নর হোচুলের ফেডারেল তহবিল নিশ্চিত করা একটি অসাধারণ খবর। সেবা প্রদানকারীরা এখনো কোভিড-19 মহামারীর কারণে সেবার বিঘ্নতা কাটিয়ে ওঠার চেষ্টা করছে যখন চিকিৎসা সেবার প্রয়োজনীয়তা বেড়ে চলেছে। সেবা প্রদানকারীদের জন্য বেশি সম্পদের মানে হল আরও বেশি জীবন রক্ষা পাবে - এটা এতটাই সহজ।"

**অ্যাসেম্বলি কমিটি অন আলকোহলিজম অ্যান্ড ড্রাগ অ্যাবিউজ (Committee on Alcoholism and Drug Abuse) এর সভাপতি, অ্যাসেম্বলিমেম্বার ফিল স্টেক বলেন,** "আসক্তি চিকিতসার সকল পর্যায়ে অর্থায়নের প্রয়োজনীয়তা অনুধাবন করার জন্য গভর্নর হোচুলকে আবারো ধন্যবাদ। এই গুরুত্বপূর্ণ সম্পদগুলির প্রচারণা এবং সমর্থনে OASAS র অংশীদার হতে পেরে আমি আনন্দিত; বিশেষ করে কোভিড এবং তার পরবর্তী সময়ে।"

নিজে বা নিজের কোনো প্রিয়জন আসক্তিতে ভুগছে এমন পরিস্থিতিতে থাকা নিউ ইয়র্কের বাসিন্দারা সাহায্য ও আশা খুঁজে পেতে পারেন স্টেটের টোলমুক্ত হোপলাইন 1-877-8-HOPENY

(1-877-846-7369) এ ফোন করে বা HOPENY (সংক্ষিপ্ত কোড 467369)- এ টেক্সট বার্তা পাঠিয়ে, লাইনটি সপ্তাহে 7 দিন 24 ঘণ্টা খোলা থাকে।

ক্রাইসিস/ডিটক্স, ইনপিশেন্ট, কমিউনিটি আবাসন বা বহিরাগত রোগীদের যত্নসহ আসক্তি এর উপলভ্য চিকিৎসা NYS OASAS ট্রিটমেন্ট এভেইলাবিলিটি ড্যাশবোর্ড (Treatment Availability Dashboard) ব্যবহার করে FindAddictionTreatment.ny.gov এ অথবা NYS OASAS এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

আপনি বা আপনার প্রিয়জন যদি চিকিত্সার সাথে সম্পর্কিত বীমা নিয়ে বাধার সম্মুখীন হন বা অস্বীকৃত দাবির জন্য আপিল দায়ের করতে সাহায্যের প্রয়োজন হয়, 888-614-5400 নম্বরে CHAMP হেল্পলাইনে ফোনে যোগাযোগ করুন অথবা ই-মেইল করুন ombuds@oasas.ny.gov এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন